**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঐতিহাসিক শীতকালীন ঝড়ের পরবর্তীতে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রি থেকে জরুরি সাড়াদান সম্পদ ও কর্মী সরিয়ে নেওয়ার ঘোষণা দিলেন

***স্টেটের জরুরি কর্মকাণ্ড পরিচালনা কেন্দ্র মঙ্গলবার সন্ধ্যায় নিষ্ক্রিয় হবে বাফেলো ও ওয়াটারটাউন এলাকায় এক সপ্তাহের ঐতিহাসিক তুষারপাতের পর, যেখানে তিন দিনে প্রায় সাত ফুটের বেশি তুষারপাত হয়েছে***

***নিউ ইয়র্ক স্টেটের থ্রুওয়ে এবং স্টেটের হাইওয়েগুলি মঙ্গলবার সম্পূর্ণ খুলে দেওয়া হয়েছে; এজেন্সিগুলি তুষার অপসারণ কর্মকাণ্ড পরিচালনা করতে থাকবে এবং এই সপ্তাহে বৃষ্টি ও তুষার গলার কারণে স্থানীয় রাস্তায় সম্ভাব্য বন্যা পরিস্থিতি পর্যবেক্ষণ করবে***

***সকল অনুরোধকৃত সুস্থ আছে কিনা এবং কাঠামো যাচাই সফলভাবে সম্পূর্ণ হয়েছে ঝড়ের ঠিক পরে অনতিবিলম্বে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে স্টেটের জরুরি কর্মকাণ্ড পরিচালনা কেন্দ্র (Emergency Operations Center), নিযুক্ত জরুরি সাড়াদান সম্পদ এবং এজেন্সির কর্মীদের মঙ্গলবার সরিয়ে আনা শুরু করা হয়েছে, একটি রেকর্ড ভাঙ্গা শীতকালীন ঝড়ের পর যা অরচ্যার্ড পার্কে (হৈরি কাউন্টি) 80 ইঞ্চি তুষার এনেছে, যা স্টেটের 24-ঘণ্টার তুষারপাতের মোট রেকর্ড ভেঙ্গে ফেলেছে। জেফারসনের কিছু অংশে ছয় ফুটের বেশি তুষারপাতের খবর পাওয়া গেছে এবং তুষারপাত শুরু হয় গত বৃহস্পতিবার সন্ধ্যায় এবং সারারাত তুষারপাত হয়ে এটি শুক্রবার পর্যন্ত অব্যাহত থাকে, ইরি কাউন্টিতে ঘণ্টায় ছয় ইঞ্চি হারে এবং জেফারসন কাউন্টিতে ঘণ্টায় পাঁচ ইঞ্চি হারে। এই ঐতিহাসিক তুষারপাতের ঘটনা একাধিক অঞ্চলজুড়ে মারাত্মক বিপজ্জনক পরিস্থিতি সৃষ্টি করে, যার ফলে জনগণকে নিরাপদ রাখতে রাস্তা বন্ধ করা হয় এবং যাতায়াত সীমিত করা হয়। গভর্নর হোকল স্টেটের সাড়াদানে জড়িত স্টেট এজেন্সির কর্মীদেরকে তাদের দ্রুত প্রস্তুতি, যোগাযোগ, স্থানীয় সরকারের সাথে ঝড়ের পূর্বে, চলাকালে এবং পরবর্তীতে সমন্বয় করার জন্য তাদের প্রশংসা করেছেন।

"রেকর্ড ভাঙ্গা তুষারপাত অবশেষে থেমেছে, এবং এখন সময় হলো নিউ ইয়র্কের শীতকালীন ঝড় সাড়াদানের পরবর্তী পর্যায়ে যাওয়ার," **গভর্নর হোকল বলেন।** "আমি প্রথম সাড়াদানকারী, স্থানীয় নেতৃবৃন্দ এবং সম্প্রদায়ের সদস্যদের প্রশংসা করছি যারা এই ঝড়ের ফলে সৃষ্ট সমস্যা

সমাধানে অগ্রসর হয়েছে। আমরা এই ঝড়ের পরবর্তী দশা পর্যবেক্ষণ করতে থাকবো, এবং আমি নিউ ইয়র্কবাসীকে তাগিদ দিচ্ছি সতর্ক থাকার জন্য যেহেতু বৃষ্টি এবং গলে যাওয়া তুষার বন্যার বা অন্যান্য বিপজ্জনক পরিস্থিতির কারণ হতে পারে।"

বৃহস্পতিবার, 17 নভেম্বর, গভর্নর হোকল 11টি কাউন্টির জন্য জরুরি অবস্থা ঘোষণা (State of Emergency) করেন এবং স্টেটের জরুরি সাড়াদান সম্পদকে ঝড়ের পূর্বে সেসব এলাকায় নিযুক্ত করার নির্দেশনা প্রদান করেন। স্টেটের জরুরি কর্মকাণ্ড পরিচালনা কেন্দ্র আনুষ্ঠানিকভাবে সক্রিয় করা হয় বৃহস্পতিবার সন্ধ্যায় এবং তারা ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহে আন্তঃএজেন্সি সাড়াদান ও কর্মকাণ্ড সমন্বয় করে।

রবিবার, 20 নভেম্বর, গভর্নর হোকল রাষ্ট্রপতি জো বাইডেনের থেকে একটি ফেডারেল জরুরি ঘোষণা (Emergency Declaration) নিশ্চিত করেছেন যা জরুরি প্রতিরক্ষামূলক ব্যবস্থা প্রদানে স্টেট ও স্থানীয় প্রচেষ্টার সম্পূরক হিসেবে ফেডারেল সহায়তা প্রদান করে।

স্টেটের হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা ডিভিশনের (Division of Homeland Security and Emergency Service, DHSES) দুর্যোগ পুনরুদ্ধার দল (Disaster Recovery team) ফেডারেল সহায়তা সর্বোচ্চ করতে জরুরি ঘোষণায় তালিকাবদ্ধ ক্ষতিগ্রস্ত কাউন্টিগুলিতে কাজ করেছে।

DHSES-র জরুরি ব্যবস্থাপনা অফিস (Office of Emergency Management, OEM) এবং অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (Office of Fire Prevention and Control, OFPC), নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYSDOT) এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), থ্রুওয়ে কর্তৃপক্ষ (Thruway Authority), পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation), পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation), এবং ন্যাশনাল গার্ড (National Guard) সম্পূর্ণভাবে জড়িত ছিলো এবং স্থানীয় সরকারগুলিকে গত সপ্তাহান্তের তুষারপাতের পূর্বে, চলাকালে এবং পরবর্তীতে সমন্বিত সমর্থন প্রদান করেছে।

**স্টেটের হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা ডিভিশনের কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সাড়াদান প্রচেষ্টার সমন্বয় করার জন্য গত সপ্তাহজুড়ে স্টেটের এজেন্সিগুলি একত্রে স্থানীয় কর্মকর্তাদের সাথে কাজ করেছে। আমি সকলের করা কঠোর পরিশ্রমের জন্য, এবং সকলে এই প্রচেষ্টায় যে অতি গুরুত্বপূর্ণ সহযোগিতার মনোভাব ও নিবিড় সমন্বয় এনেছে তার জন্য কৃতজ্ঞ।"

ঝড়ের সময়, স্টেট ও স্থানীয় কর্মীদের নিয়ে OFPC-র নেতৃত্বে একটি বহু এজেন্সির দল, যার মধ্যে শহুরে অনুসন্ধান ও উদ্ধার (Urban Search and Rescue) দল ছিলো, ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ঝড় সাড়াদানে সমর্থন করেছে যেমন সুস্থ আছে কিনা পরীক্ষা করা এবং স্থানীয় দমকল, জরুরি মেডিকেল সেবা (Emergency Medical Services, EMS) এবং পুলিশকে বিভিন্ন ঘটনায় সাহায্য করা নিয়ে, এর মধ্যে রয়েছে নষ্ট হওয়া যান থেকে 152 জন মানুষকে সরানো এবং ইরি কাউন্টির সর্বাধিক ক্ষতিগ্রস্ত এলাকাসমূহে 3,424 কাঠামোগত মূল্যায়ন পরিচালনা করা। পাশাপাশি, স্টেট পুলিশ 108টি দুর্ঘটনা এবং 341টি যান নষ্ট হওয়ার ঘটনায় সাড়াদান করেছে।

ঝড়ের চূড়ান্ত সময়ে, NYSDOT এবং থ্রুওয়ে কর্তৃপক্ষ মিলিয়ে প্রায় 500টি প্লাও ট্রাক, 100টির কাছাকাছি লোডার, এবং 1,000 জনের বেশি অপারেটর ও সুপারভাইজার ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে নিযুক্ত ছিলো। NYSDOT এবং থ্রুওয়ে কর্তৃপক্ষ বাফেলো ও লাকাওয়ানা শহরে পরিচ্ছন্নতা প্রয়াসে সমর্থন অব্যাহত রেখেছে, যার মধ্যে রয়েছে স্থানীয় রাস্তা থেকে বড় ডাম্প ট্রাক, হেভি ডিউটি লোডার এবং বড় স্নোব্লোয়ার ব্যবহার করে তুষার অপসারণ কর্মকাণ্ড।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418